দামুড়হুদায় হেরোইনসহ দুজন মাদক কারবারি গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে চিহ্নিত দু’জন মাদক কারবারি কে হেরোইন সহ গ্রেফতার করেছে। ওই সময় গ্রেফতারকৃত মাদক কারবারিদের কাছ থেকে ১০ (দশ) গ্রাম হেরোইন জব্দ করেছে পুলিশ। গতকাল সোমবার রাতে তাদেরকে থানা এলাকা থেকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা জেলা পুলিশের (এসপি) পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিক-নির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ আলমগীর কবীরের নেতৃত্বে এসআই, মোঃ রিয়াজুল ইসলাম, এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্স নিয়ে থানার হাউলী এলাকায় মাদক বিরোধী অভিযান চালায়। এসময় হাউলী গ্রামের তিন রাস্তার মোড় থেকে মাদক কারবারি দশমী গ্রামের মৃত তৈয়ব আলীর ছেলে মোঃ শরিফুল আলম
(৪১) ও মৃত আবুল কালামের ছেলে মোঃ জহুরুল ইসলাম (৩৫) কে গ্রেফতার করে পুলিশ। ওই সময় তাদের হেফাজতে থাকা ১০গ্রাম হেরোইন জব্দ করা হয়।

দামুড়হুদা মডেল থানার (ওসি) মোঃ আলমগীর কবির বলেন, গ্রেফতারকৃত দুজনেই চিহ্নিত মাদক কারবারি। তাদের নামে একাধিক মামলাও রয়েছে। হিরোইন সহ গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেনসিডিলসহ আল আমিনকে (২৪) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আল আমিন দর্শনা পৌরসভার আজমপুর গোরস্থান পাড়ার

আব্দুস ছাত্তারের ছেলে। জানাযায় আজ মঙ্গলবার ২ জুলাই ভোর পৌনে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আজমপুর গোরস্থান পাকা রাস্তার উপর। এ সময় দর্শনা থানার এসআই সেকেন্দার আবু জাফর গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে আল আমিনকে গ্রেফতার করে।পরে তার কাছে থাকা ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ বিষয়ে গ্রেফতারকৃত আল আমিনের বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে তিন কেজি গাঁজা ও সিএনজিসহ মাদক কারবারি আটক

মেহেরপুরের সদর উপজেলার কালীগাংনী থেকে তিন কেজি গাঁজা ও একটি সিএনজিসহ রুহুল আমিন নামের এক মাদক কারবারিকে আটক করেছে গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আজ সোমবার সকাল ৯টার দিকে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের এসআই মো: সাহেব আলী, এএসআই মো: হুমায়ন কবির সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালনা করেন। আটক রুহুল কুষ্টিয়ার মিরপুর পৌরসভার ২ নম্বর ওয়ার্ড কুরিপোল পাড়ার মোহাম্মেল শেখের ছেলে। তিনি সিএনজিতে করে বৃহত্তর কুষ্টিয়ার বিভিন্ন এলাকায় মাদক সরবরাহ করে

থাকেন বলে জানতে পেরেছে পুলিশ।

ডিবির ওসি সাইফুল আলম জানান, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানাধীন কালিগংনী গ্রামের হাবিবুর রহমানের বাড়ির সামনে কাথুলি টু নোয়াপাড়া গামী পাকা রাস্তার উপর থেকে ৩ কেজি গাঁজা ও গাঁজা বহনকারী সিএনজিসহ রুহুল শেখকে আটক করা হয়।

তিনি জানান, রহুল দীর্ঘদিন ধরে তার ব্যাবহৃত ইন্জিন চালিত সিএনজি দিয়ে বিভিন্ন এলাকা থেকে গাঁজা ক্রয় করে কুষ্টিয়া জেলার বিভিন্ন জায়গায় বিক্রি করে বলে জানতে পেরেছি। এ ঘটনায় মামলা রুজুর প্রক্রিয়া চলমান।

মুজিবনগরে ২০০ বোতল ফেনসিডিলসহ আটক ৪

মুজিবনগরে ২০০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আজ রবিবার সকাল ৮ টার দিকে মুজিবনগর উপজেলার দারিয়াপুর উত্তরপাড়া এলাকায় অভিযান চালিয়ে ফেনসিডিলসহ এই চার মাদক ব্যবসায়ীকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের আব্দুল আলিমের ছেলে মো: সুষম আলী (৩৮). মো: ওজদুল হকের ছেলে চাঁদ আলী (৩৭), হামিদুল ইসলামের ছেলে মো: ফারুক (২৭) ও মৃত আরশাদ আলীর ছেলে মো: আল আমিন (৫০)।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল আলমের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) সাহেব আলী, এসআই আশরাফুল ইসলাম ও সঙ্গীয় ফোর্সসহ এই অভিযানে অংশ নেন।

ডিবি ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল আলম জানান, ফেনসিডিলের একটি চালান ভারতীয় সীমান্ত পার হয়ে পাচারের উদ্যেশ্যে দারিয়াপুর গ্রামের উত্তরপাড়া এলাকায় জড়ো হয়েছে এমন সংবাদ পেয়ে সেখানে অভিযান চালানো হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে মাদক ব্যবসায়ীরা পালনোর চেষ্টা কালে তাদের আটক করা হয়।

আটক মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে মুজিবনগর ধানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে ফেনসিডিল আসামিদের হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে সোঁয়া ৭ কেজি গাঁজাসহ দুই মাদক কারবারী আটক

মাদক বিরোধী পৃথক দুটি অভিযান চালিয়ে সোঁয়া সাত কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর ধলা গ্রামের বাবর আলীর ছেলে সবুজ হোসেন (২৪) ও সাহেবনগর গ্রামের মৃত্যু ফকির আলীর ছেলে উজির আলীর।

আজ বুধবার (২৬ জুন) দুপুরে গাংনী থানায় প্রেসব্রিফিং করে জানান ওসি মো: তাজুল ইসলাম।

তিনি জানান, গতকাল মঙ্গলবার দিবাগত মধ্যরাতে ভারতীয় সীমান্তবর্তি ধলা গ্রাম থেকে মাদকের একটি চালান পার হচ্ছে এমন সংবাদের

ভিত্তিতে ধলা ক্যাম্পের ইনচার্জ (এসআই) আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে সাড়ে ছয় কেজি গাঁজাসহ রাধাগোবিন্দপুর ধলা গ্রামের সবুজকে আটক করেন। এসময় গাঁজা কারাবারের সাথে জড়িত অপর আসামি রামকৃষ্ণপুর ধলা গ্রামের মৃত্যু আবু তালেবের ছেলে সাফায়াত আলী পালিয়ে গেছে।

অপরদিকে ভবানীপুর ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) মেহেদী হাসান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে সাহেবনগর গ্রামে অভিযান চালিয়ে সোয়া ৫ শ গ্রাম গাঁজাসহ উজির আলীকে আটক করা হয়। এসময় অপর আসামি একই গ্রামের মকসেদ আলীর ছেলে মন্টু ধলা পালিয়ে যায়।

পৃথক দুটি গাঁজা উদ্ধারের ঘটনায় গাংনী থানা পুলিশের পক্ষ থেকে দুটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আটক দুই মাদক কারবারীকে আজ বুধবার (২৬ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ঈশ্বরচদ্রপুর গ্রামের সাগরকে (২৫) ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত সাগর দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আলমগীরের ছেলে।

জানাযায় গতকাল শুক্রবার (২১ জুন) রাত সাড়ে ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর স্কুল পাড়ায়। এ সময় দর্শনা থানার এসআই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ ৮০ পিচ ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ সাগরকে গ্রেফতার করে।

এ ঘটনায় গ্রেফতারকৃত আসামী ও পলাতক আসামী রাজ্জাকের বিরুদ্ধে

দর্শনা থানায় মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১০ গ্রাম হেরোইনসহ ইজিবাইক চালক মিয়ারুল ইসলাম (৫৮) নামের এক হেরোইন বিক্রেতাকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। এসময় মিয়ারুল ইসলামের ব্যাটারী চালিত ইজিবাইকটি জব্দ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার (২০ জুন) দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে মেহেরপুর সদর উপজেলার নুরপুর মোড়ে চেকপোষ্ট বসিয়ে তাকে হেরোইনসহ আটক করা হয়।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলমের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়।

আটক মিয়ারুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার ভারতীয় সীমান্তবর্তি হরিরামপুর গ্রামের মৃতু সামসুদ্দিন মন্ডলের ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ভারতীয় সীমান্তবর্তি গ্রাম হরিরামপুর থেকে হেরোইনের একটি চালান পিরোজপুরের দিকে যাচ্ছে এমন সংবাদের ভিত্তিতে নুরপুর মোড়ে তল্লাশী চৌকি বসানো হয়। ব্যাটারীচালিত একটি ইজিবাইক দেখে সেটি তল্লাশী করা হয়। এক পর্যায়ে ইজিবাইক চালক মিয়ারুল ইসলামের দেহ তল্লাশী চালিয়ে তার পরনের লুঙ্গির সাথে বিশেষ কায়দায় রাখা হেরোইন পাওয়া যায়। পরে মিয়ারুল ইসলামকে আটক করা হয়। এছাড়া হেরোইন পাচার কাজে ব্যবহৃত ব্যাটারী চালিত ইজিবাইকটি জব্দ করা হয়েছে। জব্দকৃত হেরোইনের আনুমানিক মুল্য ১০ লক্ষ টাকা বলে জানান ডিবি কর্মকর্তা সাইফুল আলম।

হেরোইন উদ্ধারের ঘটনায় মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ

আইনে একটি নিয়মিত মামলা দেওয়া হয়েছে।

গাংনীতে ৬৩০ বোতল ফেনসিডিল, ৪ গ্রাম হেরোইন ও গাঁজা জব্দ

মেহেরপুরে মাদক বিরোধী পৃথক চারটি অভিযানে ৬৩০ বোতল ভারতীয় ফেনসিডিল, চার গ্রাম হেরোইন ও দেড়’ শ গ্রাম গাঁজাসহ চার মাদক কারবারীকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আটকরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর গ্রামের (মধ্যপাড়া) এলাকার এলাহী বকসের ছেলে সাহাজুল ইসলাম (৩৮), ভাটপাড়া (ডিসি ইকোপার্ক) পাড়া এলাকার কাবুল হোসেনের ছেলে মো: কাজল হোসেন ((১৯), সীমান্তবর্তি খাঁসমহল গ্রামের মৃত আব্দুল আজিজ ওরফে জিপতের ছেলে মো: পল্টু হোসেন (৪০) ও সহড়াতলা গ্রামের মৃত আকছেদ আলীর ছেলে মশিউর রহমান ওরফে মুছা ((৪৫)।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলামের নেতৃতে গতকাল বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার (২০ জুন) ভোররাত পর্যন্ত গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার বিভিন্ন স্থানে পৃথক চারটি অভিযান চালিয়ে এই চারজন মাদক কারবারিকে আটক করা হয় এবং ফেনসিডিল, গাঁজা ও হেরোইন উদ্ধার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন।

এদিকে মাদক উদ্ধারের ঘটনায় আজ বৃহস্পতিবার (২০ জুন) বেলা ১ টার সময় গাংনী থানা ক্যাম্পাসে আনুষ্ঠানিকভাবে প্রেসব্রিফ করেন মেহেরপুর জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) মোঃ আহসান খান।

প্রেসব্রিফিং এ অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান জানান, ভারতীয় সীমন্তে একটি ফেনসিডিলের বিরাট চালান তারকাটার বেড়া পার

করে বাংলাদেশ অভ্যন্তরে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো: তাজুল ইসলামের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) সঞ্জিব কুমার সঙ্গীয় ফোসসহ সীমান্তবর্তি কাজিপুর গ্রামের মধ্যপাড়া এলাকার সাহাজুল বাড়িতে অভিযান চালায়। এসময় তার বাড়ি থেকে ৫৬০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়। এসময় আটক করা হয় সাহাজুল ইসলামকে।

অপরদিকে একই সময় এসআই সাইফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে সীমান্তবর্তি সহড়াতলা গ্রামে অভিযান চালান। অভিযানে ৭০ বোতল ফেনসিডিলসহ মশিউর রহমান ওরফে মুসাকে আটক করা হয়। পরে অপর একটি অভিযান চালানো হয় ভাটপাড়া ডিসি ইকোপার্কের সামনের রাস্তাতে। অভিযানে ১৫০ গ্রাম গাঁজাসহ কাজল আলীকে আটক করেন।

এছাড়া আজ বৃহস্পতিবার (২০ জুন) ভোররাতের দিকে গাংনী থানার ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আশরাফুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ খাঁসমহল গ্রামে অভিযান চালিয়ে ৪ গ্রাম হেরোইনসহ মো: পল্টুকে আটক করেন।

এসব মাদক উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় পৃথক চারটি মামলা দায়ের করা হয়েছে। আটকৃত আসামীদের বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

প্রেসব্রিফিং এ অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আহসান খান বলেন মাদকদ্রব্য এবং মাদক কারবারি দেশ ও সমাজের শত্রু। এদের নির্মল করার জন্য পুলিশ সব সময় কাজ করছে। এটিকে নির্মূল করা পুলিশের একার পক্ষে সম্ভব নয়। তাই সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে। এক্ষেত্রে সাংবাদিক জনপ্রতিনিধিসহ সমাজের অন্যান্য পেশার মানুষকেও এগিয়ে আসতে হবে।

র্যাবের অভিযানে সাড়ে ১৫ কেজি গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি-৩, মেহেরপুর ক্যাম্প মাদক বিরোধী অভিযান চালিয়ে সাড়ে ১৫ কেজি গাঁজাসহ মোঃ মিরাজুল ইসলাম(৪৬) নামের এক মাদক কারবারীকে আটক করেছে। এসময় তার স্ত্রী মোছা: সীতা খাতুন (৩৭) পালিয়ে গেছে।

আটক মিরাজুল ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার কবুরহাট গ্রামের মৃত ওমেদ আলী মন্ডলের ছেলে।

আজ রবিবার (১৬ জুন) সকাল ৮ টার সময় কুষ্টিয়া সদর উপজেলার কবুরহাট (সর্দারপাড়া) এলাকায় ধৃত আসামী মোঃ মিরাজুল ইসলামের বাড়িতে মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এসময় তার বসতবাড়ির একটি কক্ষ থেকে সাড়ে ১৫ কেজি গাঁজা উদ্ধার করা হয়। র্যাবের উপস্থিতি টের পেয়ে তার স্ত্রী মোছাঃ সীতা খাতুন সুকৌশলে পালিয়ে যান। গাঁজার আনুমানিক মূল্য ৪ লাখ সাড়ে ৬৬ হাজার টাক বলে প্রাথমিকভাবে জানা গেছে।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান সঙ্গীয়ফোর্সসহ মাদক বিরোধী এই বিশেষ অভিযান পরিচালনা করেন।

র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুর কোম্পানী কমান্ডার সহকারী পুলিশ সুপার মোঃ মনিরুজ্জামান জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামীদ্বয় পরস্পর যোগসাজসে দীর্ঘদিন যাবৎ লোক চক্ষুর আড়ালে কুষ্টিয়া জেলা সহ আশপাশের বিভিন্ন এলাকায় মাদক দ্রব্য কেনা-বেচা করে এলাকার যুব সমাজকে ধ্বংস করছে।

গাঁজা উদ্ধারের ঘটনায় কুষ্টিয়া সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে গ্রেফতারকৃত আসামী ও উদ্ধারকৃত আলামত আইনানুগ পদক্ষেপ গ্রহণের জন্য কুষ্টিয়া জেলার সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

গাংনীতে ফেনসিডিল ফেলে পালিয়েও পার পেলেন না নারী মাদক কারবারী

ফেনসিডিলের চালান নিয়ে গাড়ির জন্য অপেক্ষা করছিলেন নারী মাদক কারবারী তানিয়া আক্তার (৩০)। খবর পেয়ে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) সিপিসি মেহেরপুর ক্যাম্পের সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করেন।

আটক তানিয়া আক্তার গাংনী উপজেলার হিন্দা গ্রামের বিপ্লব হোসেনের স্ত্রী।

আজ বুধবার (১২ জুন) দিবাগত রাত আনুমানিক ৮টার দিকে গাংনী-কাথুলী সড়কের নওয়াপাড়া বাজারের অদূর থেকে তাকে আটক করা হয়।

র্যাব-১২ এর সিপিসি মেহেরপুর ক্যাম্প কমান্ডার সিনিয়র সহকারি পুলিশ সুপার (এএসপি) মনিরুজ্জামানের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়।

সিনিয়র এএসপি মনিরুজ্জামান জানান, সীমান্তবর্তি ধলা গ্রাম থেকে ফেনসিডিলের চালান নিয়ে পাচারের উদ্যোশে নওপাড়া বাজার নামক স্থানে অপেক্ষা করছে এমন সংবাদের ভিত্তিতে দাঁড়িয়ে থাকা তানিয়া আক্তারকে জিজ্ঞাসাবাদ করতেই সে ফেনসিডিল ফেলে পালানোর চেষ্টা করেন। এসময় তাকে ধরে ফেলা হয়। তার কাছে থাকা ব্যাগের মধ্যে বিশেষভাবে মোড়ানো অবস্থায় ৪০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা দিয়ে গাংনী থানায় ফেনসিডিলসহ তানিয়া আক্তারকে হস্তান্ত করা হয়েছে।